সিটিজেনস চার্টার

(CITIZEN’S CHARTER)

BANGLADESH CUSTOMS

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা

প্রশিকা ভবন (২য়, ৪র্থ ও ৬ষ্ঠ তলা), আই/১-গ, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬

ফোন ঃ +৮৮-০২-৯০২৫০৬০

ফ্যাক্স ঃ +৮৮-০২-৯০৩০৩৩৩

ই-মেইল ঃ dhakawestcomm@yahoo.com

উপক্রমনিকা

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা জাতীয় রাজস্ব বোর্ডের অধীনস্থ শুল্ক, আবগারী ও মূল্য সংযোজন কর আদায়ে নিয়োজিত প্রতিষ্ঠান। প্রতিষ্ঠান প্রধানের পদবী কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা। ১৯৯১ সনে প্রবর্তিত মূল্য সংযোজন কর ব্যবস্থায় পরোক্ষ করের আওতা সম্প্রসারিত হওয়ায় মাঠ পর্যায়ে রাজস্ব প্রশাসনের গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে ২০১১ সনে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা এর কার্যক্রম শুরু হয়। এ কমিশনারেট সৃষ্টির পর হতে সুনামের সাথে রাজস্ব আদায়ের কাজ করে যাচ্ছে। ঢাকা শহরের মিরপুরস্থ ২নং সেকশনে প্রশিকা ভবনের ২য়, ৪র্থ ও ৬ষ্ঠ তলায় এ দপ্তরের অবস্থান। একজন কমিশনারের নেতৃত্বে ০২ জন অতিরিক্ত কমিশনার, ০২ জন যুগ্ম কমিশনার, ০৭ জন উপ/সহকারী কমিশনার, ০১ জন সহকারী প্রোগ্রামার, ১২ জন রাজস্ব কর্মকর্তা, ৪৮ জন সহকারী রাজস্ব কর্মকর্তা, ০১ জন সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা, ০১ জন বেতন ও হিসাব রক্ষণ কর্মকর্তা এবং ৬১ জন তৃতীয় শ্রেণী, ১২ জন ৪র্থ শ্রেণীর কর্মচারীর সমন্বয়ে এ দপ্তরের কার্যক্রম সম্পাদিত হয়। এ দপ্তরের অধীন ০৭টি বিভাগীয় অফিস, ২৪টি সার্কেল অফিস এবং ০১টি স্থল শুল্ক স্টেশন যথাক্রমে মূল্য সংযোজন কর, আবগারী কর, টার্ণওভার কর এবং আমাদানি শুল্ক-করাদি আহরণে নিয়োজিত রয়েছে। উপ/সহকারী কমিশনার পদমর্যাদার একজন কর্মকর্তা বিভাগীয় দপ্তর প্রধান এবং রাজস্ব কর্মকর্তা পদমর্যাদার একজন কর্মকর্তা সার্কেল অফিস প্রধান হিসাবে দায়িত্ব পালন করে থাকেন। এছাড়া প্রতিটি বিভাগীয় দপ্তরে ০১ জন রাজস্ব কর্মকর্তা, ০৭ জন সহকারী রাজস্ব কর্মকর্তা, ১৩ জন তৃতীয় শ্রেণীর কর্মচারী ও ০১ জন ৪র্থ শ্রেণীর কর্মচারীসহ মোট ২৩ জন এবং প্রতিটি সার্কেল অফিসে রাজস্ব কর্মকর্তা ছাড়া ০৬ জন সহকারী রাজস্ব কর্মকর্তা, ০৬ জন ৩য় শ্রেণীর কর্মচারী ও ০১ জন ৪র্থ শ্রেণীর কর্মচারীসহ ১৪ জন কর্মকর্তা-কর্মচারী নিয়োজিত।

<u>এ কমিশনারেটের অধিক্ষেত্রভুক্ত এলাকাসমূহ হলো</u> ঃ

(১) ঢাকা সিটি কর্পোরেশন উত্তর ও দক্ষিণের অধিক্ষেত্রভুক্ত মিরপুর, শ্যামলী, কল্যাণপুর ও মোহাম্মদপুর,
(২) ঢাকা জেলা'র অধিক্ষেত্রে সাভার, আশুলিয়া ও ধামরাই এবং
(৩) মানিকগঞ্জ, টাঙ্গাইল ও জামালপুর জেলাসমূহ।

<u>কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা এবং এর অধীনস্থ দপ্তরসমূহের প্রধান কার্যাবলী</u> ঃ

(১) মূল্য সংযোজন কর নিবন্ধন প্রদান ;
(২) শুল্ক, আবগারী ও মূল্য সংযোজন কর আহরণ তদারকি ;
(৩) মূল্য সংযোজন কর আইন এবং এর অধীনে প্রণীত বিধি বিধান পরিপালন নিশ্চিতকরণ, করদায়িতা নিরূপণ ও কর ফাঁকি উদ্ঘাটনের লক্ষ্যে নিরীক্ষা কার্যক্রম পরিচালনা ;
(৪) কর ফাঁকি রোধ ও চোরাচালান প্রতিরোধের লক্ষ্যে নিবারক কার্যক্রম পরিচালনা ;
(৫) কর ফাঁকি, অনিয়ম ও আটক মামলার ন্যায় নির্ণয়ন এবং বিকল্প বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়ায় মামলা নিষ্পত্তিকরণ (Alternative Dispute Resulation-ADR);
(৬) মূল্য সংযোজন কর নির্ণয়ে মূল্যভিত্তি অনুমোদন ;
(৭) মূল্য সংযোজন কর, সম্পূরক শুল্ক ও আবগারী কর আহরণে নিয়োজিত বিভাগ এবং সার্কেলসমূহের কার্যক্রম পরিবীক্ষণ ও নিয়ন্ত্রণ ;
(৮) শুল্ক, আবগারী ও মূল্য সংযোজন কর আহরণ সম্পর্কিত দিক নির্দেশনা প্রদান ;
(৯) নিয়োজিত কর্মকর্তা, কর্মচারীদের কর্মদক্ষতা বৃদ্ধিতে প্রশিক্ষণের ব্যবস্থা করা ;
(১০) সম্মানিত করদাতাদের কর সংক্রান্ত বিষয়াদি জ্ঞাত করণার্থে প্রশিক্ষণ দান ও প্রচার ;
(১১) কমিশনারেটের কর্মকর্তা/কর্মচারীদের আন্তঃ বদলী, প্রশিক্ষণ ও ছুটি সংক্রান্ত বিষয়াবলী ;
(১২) কর্মকর্তা কর্মচারীদের বিরুদ্ধে অভিযোগ, দুর্নীতি ও শৃঙ্খলাজনিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ;
(১৩) তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী করদাতাগণকে তাদের চাহিদা অনুযায়ী তথ্য সরবরাহ করা।

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা এর অধীনস্থ দপ্তরসমূহ কর্তৃক প্রদত্ত সেবাসমূহ ঃ

ক্রমিক নং	সেবার নাম/প্রকৃতি	সেবা প্রদানকারী কর্তৃপক্ষ/স্থান	সংশ্লিষ্ট বিধি-বিধান	নির্ধারিত সময়সীমা
১.	মূল্য সংযোজন কর আইন এর আওতায় নিবন্ধন প্রদান	মূল্য সংযোজন কর বিভাগীয় কর্মকর্তার কার্যালয়	মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা-১৫ ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-৯	মূসক নিবন্ধনের জন্য মূসক ফরম-৬ এর মাধ্যমে বিভাগীয় কর্মকর্তা বরাবরে আবেদন দাখিল করতে হবে। প্রয়োজনীয় দলিলাদি প্রাপ্তি সাপেক্ষে আবেদন দাখিলের ০২ (দুই) কার্য দিবসের মধ্যে বিভাগীয় কর্মকর্তা নিবন্ধন প্রদান করবেন।
২.	টার্ণওভার করের আওতায় তালিকাভুক্তি	মূল্য সংযোজন কর বিভাগীয় কর্মকর্তার কার্যালয়	মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা-৮ ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-৪	টার্ণওভার কর তালিকাভুক্তির আবেদন প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে নিস্পত্তিযোগ্য।
৩.	কুটির শিল্পের আওতায় তালিকাভুক্তি	মূল্য সংযোজন কর বিভাগীয় কর্মকর্তার কার্যালয়	জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং - ১৭২/আইন/২০১৩/৬৭৬-মূসক, তারিখ : ০৬/০৬/২০১৩ খ্রিঃ অনুযায়ী	সংশ্লিষ্ট প্রজ্ঞাপনের শর্তসমূহপালন সাপেক্ষে বিভাগীয় কর্মকর্তা প্রয়োজনীয় তদন্তপূর্বক মূসক-৮ এ তালিকাভুক্ত করবেন।
৪.	স্বেচ্ছা মূসক নিবন্ধনের আবেদন দাখিল	বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগীয় কর্মকর্তার কার্যালয়।	মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি -১০	যেদিন থেকে কার্যকর করতে ইচ্ছুক তার অন্যূন ৩০ দিন আগে।
৫.	মূল্য সংযোজন কর নিবন্ধন বাতিলের আবেদন নিস্পত্তি	মূল্য সংযোজন কর বিভাগীয় কার্যালয়ের বিভাগীয় কর্মকর্তা (সহকারী/ডেপুটি কমিশনার)	মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা-১৯ ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-১৫	সময়সীমা নির্ধারিত নেই। তবে তদন্ত সাপেক্ষে দ্রুততার সাথে আবেদনের বিষয়টি নিস্পত্তিযোগ্য।
৬.	নিবন্ধন বাতিলের জন্য আবেদন	রাজস্ব কর্মকর্তা, স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় (সার্কেল অফিস) এর সুপারিশের ভিত্তিতে তদন্ত সাপেক্ষে বিভাগীয় কর্মকর্তা অনুমোদন দেবেন।	মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা-১৯ (১)	ব্যবসার কার্যক্রম বন্ধ করার ১৪ দিনের মধ্যে আবেদন করতে হবে।
৭.	টার্ণ ওভার কর তালিকাভুক্ত প্রতিষ্ঠানের বার্ষিক টার্ণওভার ঘোষণা	বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগীয় কর্মকর্তার কার্যালয়।	মূল্য সংযোজন কর বিধিমালা ১৯৯১, এর বিধি-৪(২ক)	প্রতি বছরের প্রথম ৩০ দিনের মধ্যে ঘোষণা প্রদান করতে হবে।
৮.	টার্ণওভার কর সংক্রান্ত বার্ষিক ঘোষণা মূসক -২(খ) এর নিস্পত্তি	বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগীয় কর্মকর্তার কার্যালয়।	মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-৪(২ক)	টার্ণ ওভার কর সংক্রান্ত বার্ষিক ঘোষণা ফরম মূসক- ২(খ) তে স্থানীয় মূসক কার্যালয়ে দাখিল করতে হবে। ঘোষণাটি বিভাগীয় কর্মকর্তা কর্তৃক গৃহীত হলে তা পরবর্তী ৩০ কার্যদিবসের মধ্যে নিস্পত্তিযোগ্য।
৯.	নিবন্ধন সংক্রান্ত তথ্যের পরিবর্তনের জন্য আবেদন/অবহিতকরণ	রাজস্ব কর্মকর্তা, স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় (সার্কেল অফিস) কর্তৃক তদন্ত সাপেক্ষে বিভাগীয় কর্মকর্তা অনুমোদন দেবেন।	মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা-১৮ ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-১২	পরিবর্তন কার্যকর হওয়ার ১৪ দিন আগে অবহিত করতে হবে।
১০.	ব্যবসার স্থান বা পরিস্থিতির পরিবর্তন সংক্রান্ত আবেদনের নিস্পত্তি	রাজস্ব কর্মকর্তা, স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় (সার্কেল অফিস) কর্তৃক তদন্ত সাপেক্ষে বিভাগীয় কর্মকর্তা অনুমোদন দেবেন।	মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা-১৮ ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-১২	সময়সীমা নির্ধারিত নেই। তবে তদন্ত সাপেক্ষে দ্রুততার সাথে আবেদনের বিষয়টি নিস্পত্তিযোগ্য।
১১.	ব্যবসা কার্যক্রম বন্ধ রাখা বা সাময়িক বিরত রাখা এবং পুনরায় চালু করা	রাজস্ব কর্মকর্তা, স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় (সার্কেল অফিস)	মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি -১২(২)	**বিরত থাকাঃ** অন্যূন ২৪ ঘন্টা আগে অবহিত করতে হবে। **যাচাই করণঃ** ০৫ কার্য দিবসের মধ্যে **পুনরায় চালু করণঃ** অন্যূন ২৪ ঘন্টা আগে অবহিত করতে হবে।
১২.	মূল্য সংযোজন কর	মূল্য সংযোজন কর বিভাগীয়	মূল্য সংযোজন কর আইন,	যথাযথ দলিলাদিসহ আবেদন প্রাপ্তির পর

ক্রমিক নং	সেবার নাম/প্রকৃতি	সেবা প্রদানকারী কর্তৃপক্ষ/স্থান	সংশ্লিষ্ট বিধি-বিধান	নির্ধারিত সময়সীমা
	আরোপযোগ্য মূল্য ঘোষণা সংক্রান্ত আবেদনের নিষ্পত্তি	কার্যালয়ের বিভাগীয় কর্মকর্তা (সহকারী/ডেপুটি কমিশনার)	১৯৯১ এর ধারা-৫ ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-৩	বিভাগীয় কর্মকর্তা কর্তৃক তা দ্রুততার সাথে যাচাইপূর্বক ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে নিষ্পত্তিযোগ্য।
১৩.	অনুমোদিত মূল্য ঘোষণার বিপরীতে আপীল [মূল্য অনুমোদনের ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে] আবেদনের নিষ্পত্তি	সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের কমিশনার	মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-৩(৭)	যথাযথ দলিলাদিসহ আপীল আবেদন প্রাপ্তির ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে নিষ্পত্তিযোগ্য।
১৪.	দাখিলপত্র পরীক্ষাপূর্বক দালিখপত্রের কপি প্রদান	রাজস্ব কর্মকর্তা, স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় (সার্কেল অফিস)	মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা-৩৬ ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-২৫	যথাযথ দলিলাদিসহ দাখিলপত্র প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পরীক্ষা নিরীক্ষা পূর্বক নিষ্পত্তি করা হয়।
১৫.	দাখিলপত্র নির্ধারিত সময়ের মধ্যে জমা না দিলে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য বিভাগীয় কর্মকর্তাকে অবহিতকরণ	রাজস্ব কর্মকর্তা, স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় (সার্কেল অফিস)	মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-২৫(৪)	জমাকরণের নির্ধারিত সময় শেষ হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে
১৬.	যানবাহন পরিদর্শন, তল্লাশি ও আটক	সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের সহকারী কমিশনার পদ মর্যাদার নিম্নে নয় এমন কর্মকর্তা বা এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা	মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা-২৬ ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-৭(৩)	মূল্য সংযোজন কর আইন ও বিধিমালা অনুযায়ী বৈধ চালানপত্র ব্যতিরেকে কোন পণ্য সরবরাহ বা সেবা প্রদানের ক্ষেত্রে কর ফাঁকির বিষয়টি প্রতীয়মান হলে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক পণ্য সরবরাহকারী বা সেবা প্রদানকারীর নিকট হতে সংশ্লিষ্ট দলিলাদি আটকের ক্ষেত্রে মূসক-৫ প্রদান করা হয়।
১৭.	আটক ও অনিয়ম মামলার ক্ষেত্রে অর্থদন্ড আরোপ	ন্যায় নির্ণয়নের ক্ষমতা অনুসারে সংশ্লিষ্ট কর্মকর্তা	মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা-৩৭(৫)	অর্থদন্ড আরোপের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিবন্ধিত ব্যক্তি/ প্রতিষ্ঠানকে শুনানীর সুযোগ প্রদান করা হয়।
১৮.	অর্থদন্ড ও জরিমানা অর্থ কিস্তিতে পরিশোধের সুযোগ সংক্রান্ত আবেদন	সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের কমিশনার	মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা-৫৫(৪)	ধারা-৫৫(৪) অনুযায়ী দাবীকৃত শুল্ক ও কর প্রদানের জন্য যে ব্যক্তির নিকট হতে দাবী করা হয় সে ব্যক্তি লিখিতভাবে উক্ত দাবীকৃত অর্থ কিস্তিতে পরিশোধের ইচ্ছা ব্যক্ত করলে কমিশনার কর্তৃক দাবীকৃত অর্থের মধ্যে অর্থদন্ড ও জরিমানা অনধিক ছয় মাসের মধ্যে কিস্তিতে পরিশোধের জন্য আদেশ জারী করতে পারেন।
১৯.	অসাবধানতাবশত: বা ভুলবশত: বা ভুল ব্যাখার কারণে পরিশোধিত বা অধিক পরিশোধিত বলে দাবীকৃত মূসক/সম্পূরক কর ফেরত প্রদান (রিফান্ড)	সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগের বিভাগীয় কর্মকর্তা (সহকারী/ডেপুটি কমিশনার)	মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা-৬৭ ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-৩৪(ক)	ফেরত দাবীর ক্ষেত্রে কর পরিশোধের ০৬ (ছয়) মাসের মধ্যে টিআর ৩১ ফরমে ফেরত দাবী আবেদন বিভাগীয় কর্মকর্তার নিকট দাখিল করতে হবে। আবেদন প্রাপ্তির ৯০ (নব্বই) দিনের মধ্যে দলিলপত্র ও ট্রেজারী জমা যাচাই করে যথাযথ পাওয়া গেলে অনুমোদন দেয়া হয়।
২০.	বিধি বহির্ভূত রেয়াত কর্তন/বাতিলের বিরুদ্ধে আপীল	সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের কমিশনার/মূল্য সংযোজন কর বিভাগীয় কর্মকর্তা (সহকারী/ডেপুটি কমিশনার)	মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা-৯(২ক) ও ৯ (২খ)	যথাযথ দলিলাদিসহ আবেদন প্রাপ্তির ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে নিষ্পত্তিযোগ্য।
২১.	মূল্য সংযোজন সংক্রান্ত দলিলপত্রের প্রত্যায়িত প্রতিলিপি প্রদান সংক্রান্ত	সহকারী কমিশনার, মূল্য সংযোজন কর পদমর্যাদার নিম্নে নহেন এমন কর্মকর্তা	মূল্য সংযোজন কর আইন ১৯৯১ এর ধারা-৩৪(ক)	চাহিত দলিলপত্রের উল্লেখসহ সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার নিকট আবেদন করবেন। আবেদনের ভিত্তিতে বোর্ড কর্তৃক নির্ধারিত ফিস গ্রহণ করে সত্যায়িত প্রতিলিপি দ্রুততার সাথে সরবরাহ করা হয়।

ক্রমিক নং	সেবার নাম/প্রকৃতি	সেবা প্রদানকারী কর্তৃপক্ষ/স্থান	সংশ্লিষ্ট বিধি-বিধান	নির্ধারিত সময়সীমা
২২.	রপ্তানি সহায়ক সেবার বিপরীতে (টেলিফোন, ট্যালেক্স ও ফ্যাক্স এবং গ্যাস, ওয়াসা ও বিদ্যুৎ বিতরণ) মূসক অব্যাহতির সুবিধা প্রাপ্তিতে করদাতাকে সহায়তা প্রদান	সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের কমিশনার	জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন এসআরও নম্বর ১৫৪-আইন/২০০৫/৪৪৫ - মূসক তারিখ ঃ ০৯/০৬/২০০৫ খ্রিঃ, আদেশ নম্বরঃ ০৭/মূসক/ ২০০৫ তারিখ: ০৯/০৬/২০০৫ এবং জাতীয় রাজস্ব বোর্ডের অফিস স্মারক নম্বর - ১(১৩) মূসক-(পরিঃও প্রত্যর্পণ)৯০/১৭৬ তারিখ: ২৯/০৮/২০০২ খ্রিঃ অনুসারে	সময়সীমা নির্ধারিত নাই। তবে তদন্ত সাপেক্ষে দ্রুততার সাথে আবেদনের বিষয়টি নিষ্পত্তিযোগ্য।
২৩.	রপ্তানির উদ্দেশ্যে পণ্য অপসারণ সংক্রান্ত আবেদনের নিষ্পত্তি (মূসক-২০)	রাজস্ব কর্মকর্তা, স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় (সার্কেল অফিস)	মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-২৭(২)	উৎপাদনকারী কর্তৃক পণ্য রপ্তানির ক্ষেত্রে অন্যূন ২৪ (চব্বিশ) ঘন্টা পূর্বে মূসক-২০ ফরমের মাধ্যমে সংশ্লিষ্ট রাজস্ব কর্মকর্তা বরাবরে আবেদন করবেন। রাজস্ব কর্মকর্তার নির্দেশক্রমে একজন সহকারী রাজস্ব কর্মকর্তা ১২ ঘন্টার মধ্যে পণ্য পরীক্ষা সম্পন্ন করে যথাযথ প্রাপ্তি সাপেক্ষে রপ্তানির অনুমতি প্রদান করবেন।
২৪.	অব্যবহৃত উপকরণ নিষ্পত্তি	রাজস্ব কর্মকর্তা, স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় (সার্কেল অফিস) কর্তৃক তদন্ত সাপেক্ষে বিভাগীয় কর্মকর্তা নিষ্পত্তি করবেন	মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-৪০	১৫ (পনের) দিনের মধ্যেই নিষ্পত্তিযোগ্য
২৫.	**সার্ভিস ডেস্কঃ** মূসক সংক্রান্ত যেকোন জিজ্ঞাসার জবাব	কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট/বিভাগ/সার্কেল অফিস	জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-১১/মূসক/২০০৪, তারিখঃ ২৯/০৪/২০০৪ খ্রিঃ এর নির্দেশনা অনুসারে	সম্মানিত করদাতাদের সেবা প্রদানের জন্য কমিশনারেটের সদর দপ্তর (সকাল ০৯.০০ টা থেকে বিকাল ০৪.০০টা পর্যন্ত) ও মাঠ পর্যায়ে (সকাল ০৯.০০ টা থেকে দুপুর ০১.০০টা পর্যন্ত) সার্ভিস ডেস্ক চালু থাকে।

শুল্ক স্টেশনের সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ কার্যক্রম

ক্রমিক নং	কাজের নাম/প্রকৃতি	সেবা প্রদানকারী/স্থান	সংশ্লিষ্ট বিধি-বিধান	নির্ধারিত সময়সীমা
১	আমদানিকৃত ও রপ্তানিতব্য পণ্যচালান পরীক্ষা সংক্রান্ত কার্যাবলী	সংশ্লিষ্ট স্থল শুল্ক স্টেশন	দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯/ সংশ্লিষ্ট বিভিন্ন প্রজ্ঞাপন	পূর্ণাঙ্গ আবেদন (বি/ই) প্রাপ্তির ৭২ ঘন্টার মধ্যে
২	আমদানিকৃত ও রপ্তানিতব্য পণ্যচালান শুল্কায়ন ও প্রযোজ্য শুল্ক কর আদায় করা	সংশ্লিষ্ট স্থল শুল্ক স্টেশন	দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯/ সংশ্লিষ্ট বিভিন্ন প্রজ্ঞাপন	দ্রুত সম্পাদনযোগ্য
৩	অখালাসকৃত পণ্যচালান নিলামে বিক্রয় করা	সংশ্লিষ্ট স্থল শুল্ক স্টেশন	দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯/ সংশ্লিষ্ট বিভিন্ন প্রজ্ঞাপন	পণ্য অবতরণের ৬০ (ষাট) দিনের মধ্যে
৪	মেয়াদ উত্তীর্ণ এবং দেশের বা জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর পণ্য ধ্বংসকরণ	সংশ্লিষ্ট স্থল শুল্ক স্টেশন	দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯/ সংশ্লিষ্ট বিভিন্ন প্রজ্ঞাপন	পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে
৫	চোরাচালান রোধে প্রয়োজনীয় তদারকি ও Preventive কার্যক্রম পরিচালনা	সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ	দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯/ সংশ্লিষ্ট বিভিন্ন প্রজ্ঞাপন	তাৎক্ষণিকভাবে ব্যবস্থা গ্রহণ করা হয়
৬	অনাদায়ি রাজস্ব আদায়	সংশ্লিষ্ট স্থল শুল্ক স্টেশন	দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ (ধারা ২০২)	দ্রুততম সময়ে ২০২ ধারা প্রয়োগ করা হয়
৭	রিফান্ড	সংশ্লিষ্ট স্থল শুল্ক স্টেশন	দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ (ধারা ২০২)	দ্রুত সম্পাদনযোগ্য

সম্মানিত করদাতাগণের করণীয় :

ক্রমিক নং	কাজের নাম/প্রকৃতি	কার্যসম্পাদনকারী কর্তৃপক্ষ/স্থান	সংশ্লিষ্ট বিধি-বিধান	নির্ধারিত সময়সীমা
১.	উপকরণ কারখানা প্রাঙ্গনে প্রবেশ করানো	সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃপক্ষ	মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা-৩৭(২) এর দফা (ঙ)	উপকরণ ক্রয় সংক্রান্ত তথ্য উপকরণ কারখানা প্রাঙ্গনে প্রবেশের ২৪ ঘন্টার মধ্যে ক্রয় হিসাব পুস্তকে লিপিবদ্ধকরণ।
২.	কর পরিশোধের/ আদায়ের সময় (পণ্যের ক্ষেত্রে)	সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃপক্ষ	মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা-৬(২)	পণ্য সরবরাহ বা চালান ইস্যু বা মূল্য প্রাপ্তি যেটি আগে ঘটে তখন।
৩.	কর পরিশোধের/ আদায়ের সময় (সেবার ক্ষেত্রে)	সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃপক্ষ	মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা-৬(৩)	সেবা প্রদান বা চালান ইস্যু বা মূল্য প্রাপ্তি যেটি আগে ঘটে তখন।
৪.	সরকারী কোষাগারে কর জমা প্রদানের সময় ক) চলতি হিসাবে মাধ্যমে	সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃপক্ষ	মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-২৩	পণ্য সরবরাহের আগে চলতি হিসাব থেকে সমন্বয় করে।
	খ) চলতি হিসাব ব্যতীত		মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-২৩(১)	পরবর্তী ১৫ কার্যদিবসের মধ্যে।
	গ) উৎসে আদায়কৃত মূসক ট্রেজারিতে জমাকরণ		মূল্য সংযোজন কর বিধিমালা ১৯৯১ এর বিধি-১৮খ(১)	কর্তনের ১৫ কার্যদিবসের মধ্যে।
৫.	মূসক সংক্রান্ত নথিপত্র বা বাণিজ্যিক দলিল সংরক্ষণের মেয়াদকাল	সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃপক্ষ	মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৩৩ এবং মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ১৮(২)	৬ বছর (অনিষ্পন্ন মামলা থাকলে তার নিষ্পত্তি না হওয়া পর্যন্ত)
৬.	মূসক চালান সার্কেলে প্রেরণ	সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃপক্ষ	মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ১৬(১), ১৬(২), ১৭(১) ও ১৮(২)	চালান ইস্যুর ৫ কার্যদিবসের মধ্যে
৭.	মূল্য ঘোষণার কার্যকারিতা	সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃপক্ষ	মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩(১)	মূল্য ঘোষণা বিভাগে দাখিলের তারিখ থেকে।
৮.	বিভাগীয় কর্মকর্তার অনুমোদিত মূল্য বিষয়ে আপত্তি থাকলে তার বিরুদ্ধে কমিশনারের কাছে আবেদন	সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃপক্ষ	মূল্য সংযোজন কর বিধিমালা,১৯৯১ এর বিধি ৩(৭) এর শর্তাংশ।	বিভাগীয় কর্মকর্তা কর্তৃক মূল্য নিরূপণের ৩০ কার্যদিবসের মধ্যে।
৯.	রেয়াত গ্রহণ	সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃপক্ষ	মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৯(১) এর শর্তাংশ	কারখানা প্রাঙ্গনে কাঁচামাল প্রবেশের পরবর্তী ০২ কর মেয়াদের মধ্যে।
১০.	দাখিলপত্র পরীক্ষা করে কম পরিশোধিত কর পরিশোধের সময়	সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃপক্ষ	মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৩৬(১)	আদেশ প্রাপ্তির ০৭ দিনের মধ্যে
১১.	দাখিলপত্র জমাদান	সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃপক্ষ	মূল্য সংযোজন কর বিধিমালা ১৯৯১ এর বিধি ২৪(১)	পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে। বীমার ক্ষেত্রে ২০ তারিখের মধ্যে।
১২.	চূড়ান্ত দাখিলপত্র জমাকরণের সময়	সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃপক্ষ	মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ২৬	চূড়ান্ত দায়-দেনা নিরূপণের পর ৩০ দিনের মধ্যে।
১৩.	টার্ণওভার কর নিবন্ধিত প্রতিষ্ঠানের দাখিলপত্র জমা প্রদান	সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃপক্ষ	মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৪(৫)	সার্কেল অফিসে রাজস্ব কর্মকর্তার নিকট কর মেয়াদ শেষ হওয়ার ১৫ দিনের মধ্যে ট্রেজারি চালানের মূলকপিসহ দাখিলপত্র পেশ করতে হবে।

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা এর অধিক্ষেত্রেভুক্ত প্রতিষ্ঠানের জন্য সরকারী কোষাগারে টাকা জমা দেওয়ার জন্য ব্যবহার্য কোডসমূহ ঃ

ক্রমিক নং	রাজস্ব জমার আইটেমের নাম ও বিবরণ	কোড নম্বর
১	আমদানি পণ্যের উপর ভ্যাট	১/১১৩৩/০০৩৫/০৩০১
২	আমদানি পণ্যের উপর সম্পূরক শুল্ক	১/১১৩৩/০০৩৫/০৭০১
৩	দেশজ পণ্য ও সেবার উপর ভ্যাট	১/১১৩৩/০০৩৫/০৩১১
৪	দেশজ পণ্য ও সেবার উপর সম্পূরক শুল্ক	১/১১৩৩/০০৩৫/০৭১১

৫	দেশজ পণ্য ও সেবার উপর সম্পূরক শুল্ক	১/১১৩৩/০০৩৫/০৭২১
৬	টার্ণওভার ট্যাক্স	১/১১৩৩/০০৩৫/০৩১৩
৭	অন্যান্য ভ্যাট	১/১১৩৩/০০৩৫/০৩৯১
৮	জরিমানা ও দন্ড (ভ্যাট)	১/১১৩৩/০০৩৫/১৯০১
৯	আবগারী শুল্ক (ব্যাংক ডিপোজিট ও অভ্যন্তরীণ বিমান টিকেট)	১/১১৩৩/০০৩৫/০৬০১
১০	কাস্টমস ডিউটি	১/১১৩৩/০০৩৫/০৪০১
১১	কাস্টমস সারচার্জ	১/১১৩৩/০০৩৫/০৪১১
১২	অবকাঠামো উন্নয়ন সারচার্জ	১/১১৩৩/০০৩৫/০৪১২
১৩	অন্যান্য	১/১১৩৩/০০৩৫/০৪২১
১৪	জরিমানা ও দন্ড (কাস্টমস)	১/১১৩৩/০০৩৫/১৯০১
১৫	কর্তন-মূসক বাবদ ফেরত	১/১১৩৩/০০১০/০৩৯৯
১৬	দলিল পত্রের প্রতিলিপি প্রদান	১/১১৩৩/০০১০/২৬৮১
১৭	প্রি-শিপমেন্ট সার্ভিস চার্জ	১/১১৩৩/০০১০/২০১৬
১৮	নিলাম বিক্রয়ে প্রাপ্ত অর্থ	১/১১৩৩/০০১০/২৬৮১
১৯	স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ	১/১১০৩/০০০১/২২১২
২০	পরিবেশ সুরক্ষা সারচার্জ	১/১১০৩/০০০১/২২১৩
২১	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি উন্নয়ন সারচার্জ	১/১১০৩/০০০১/২২১৪

ক্রেতা/ভোক্তার করণীয় ঃ

০১। ক্রয়কালে প্রযোজ্য মূসক (ভ্যাট) পরিশোধ করুন ;
০২। পণ্যের বিক্রেতার নিকট হতে মূসক (ভ্যাট) চালানপত্র (মূসক-১১, মূসক-১১ক) চেয়ে নিন ;
০৩। আপনার কর্তৃক প্রদত্ত মূসক (ভ্যাট) সরকারী কোষগারে জমাদানের বিষয়ে অবদান রাখুন এবং
০৪। কোন অভিযোগ থাকলে অফিস চলাকালীন সময় সংশ্লিষ্ট দপ্তরে যোগাযোগ করুন।

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা ও এর অধীনস্থ অফিসসমূহের ঠিকানা, ফোন নম্বর ও ই-মেইল ঠিকানা ঃ

সদর দপ্তর ঃ

দপ্তরের নাম	ঠিকানা	ফোন নম্বর	ই-মেইল নম্বর
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা	প্রশিকা ভবন (২য়, ৪র্থ ও ৬ষ্ঠ তলা), আই/১-গ, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬	০২-৯০২৫০৬০	ই-মেইল ঃ dhakawestcomm@yahoo.com

বিভাগীয় অফিস

দপ্তরের নাম	ঠিকানা	ফোন নম্বর	ই-মেইল নম্বর
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, মিরপুর বিভাগ	২৯, জাহিন প্লাজা (৪র্থ তলা), মাজার রোড, গাবতলী, মিরপুর, ঢাকা	০২-৯০২১৭৩৪	customs.mirpurdivision@yahoo.com
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, মোহাম্মদপুর বিভাগ	১২ গজনবী রোড, কলেজগেট, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭	০২-৮১২৪৫৮০	mdpurdivision@gmail.com
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, সাভার বিভাগ	এইচ.কে.টাওয়ার, সি-৩৭/১, আনন্দপুর, সাভার	০২-৭৭৪২১৭৭	savardivision@yahoo.com
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, ধামরাই বিভাগ	হোল্ডিং নং-১,(৫ম তলা) ব্লক-এ,ওয়ার্ড নং-৩, লাকুরিয়াপাড়া, ধামরাই ঢাকা	০২-৭৭৩১০৪৩	dhamraiwest@gmail.com
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট মানিকগঞ্জ বিভাগ	৪৮/১, ব্লক-এ, পশ্চিম দাশড়া, বেউথা রোড, মানিকগঞ্জ	০২-৭৭১১৩৯১	Vatofficemanikgonj division@gmail.com
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, টাঙ্গাইল বিভাগ	ময়মনসিংহ রোড, সাবালিয়া, টাঙ্গাইল	০৯২১-৬১৬৪৬	cev_tangaildivision@yahoo.com
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, জামালপুর বিভাগ	নিউ কলেজ রোড, স্টেশন বাজার, জামালপুর	০৯৮১-৬৪৪৪০	cev.jamalpurdivision@yahoo.com

সার্কেল অফিস

দপ্তরের নাম	ঠিকানা	ফোন নম্বর	
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, পল্লবী সার্কেল-০১	বাড়ী নং-২/এ/১৩ (৪র্থ তলা), সেকশন-১২, পল্লবী, মিরপুর,ঢাকা	০২-৮০০১৫৬২	pallabivatoffice@gmail.com
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, পল্লবী সার্কেল-০২	বাড়ী নং-২/এ/১৩ (৪র্থ তলা), সেকশন-১২, পল্লবী, মিরপুর, ঢাকা		
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, কাজীপাড়া সার্কেল	বাড়ী নং-০১ (২য় তলা), রোড-০৩, ব্লক-এ, সেকশন-১১, মিরপুর, ঢাকা	০২-৯০২৫১৯৩	vatofficekafrul@gmail.com
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, কল্যাণপুর সার্কেল	বাড়ী নং-০১ (২য় তলা), রোড-০৩, ব্লক-এ, সেকশন-১১, মিরপুর, ঢাকা		
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, কাফরুল সার্কেল	বাড়ী নং-০১ (২য় তলা), রোড-০৩, ব্লক-এ, সেকশন-১১, মিরপুর, ঢাকা		
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, শাহআলী সার্কেল	বাড়ী নং-০১ (২য় তলা), রোড-০৩, ব্লক-এ, সেকশন-১১, মিরপুর, ঢাকা		
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, মোহাম্মদপুর সার্কেল	১২ গজনবী রোড, কলেজগেট, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭	০২-৮১২৬০৮৯	mdpurdivision@gmail.com
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, শ্যামলী সার্কেল	১২ গজনবী রোড, কলেজগেট, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭	০২-৮১২৪৫৮৮	mdpurdivision@gmail.com
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, রাজাবাজার সার্কেল	১২ গজনবী রোড, কলেজগেট, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭		mdpurdivision@gmail.com
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট,হেমায়েতপুর সার্কেল	এইচ.কে.টাওয়ার, সি-৩৭/১, আনন্দপুর, সাভার।	০২-৭৭৪৩৯১৩	savardivision@yahoo.com
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, সাভার সার্কেল			
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, রাজাসন সার্কেল			
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, আশুলিয়া সার্কেল			
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, ইয়ারপুর সার্কেল			
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, ধামসোনা সার্কেল			
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, ধামরাই সার্কেল	হোল্ডিং নং-১,(৩য় তলা) ব্লক-এ,ওয়ার্ড নং-৩, লাকুরিয়াপাড়া, ধামরাই, ঢাকা	০২-৭৭৩০৪১৮	dhamraiwest@gmail.com
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, সিংগাইর সার্কেল	হোল্ডিং নং-১, (৩য় তলা) ব্লক-এ,ওয়ার্ড নং-৩,লাকুরিয়াপাড়া, ধামরাই,ঢাকা		
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, মানিকগঞ্জ সার্কেল	৪৮/১, ব্লক-এ, পশ্চিম দাশড়া, বেউথা রোড, মানিকগঞ্জ	০২-৭৭১১৭০০	vatofficemanikgonj division@gmail.com
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, শিবালয় সার্কেল,	৪৮/১, ব্লক-এ, পশ্চিম দাশড়া, বেউথা রোড, মানিকগঞ্জ	০২-৭৭১১৭০০	vatofficemanikgonj division@gmail.com
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট,টাঙ্গাইল সার্কেল-১	ময়মনসিংহ রোড, সাবালিয়া, টাঙ্গাইল	০৯২১-৬৩৫২৫	cev_tangaildivision@yahoo.com
কাস্টমস,এক্সাইজ ও ভ্যাট, টাঙ্গাইল সার্কেল-২	ময়মনসিংহ রোড, সাবালিয়া, টাঙ্গাইল		
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট,টাঙ্গাইল সার্কেল-৩	ময়মনসিংহ রোড, সাবালিয়া, টাঙ্গাইল		
কাস্টমস,এক্সাইজ ও ভ্যাট,জামালপুর সার্কেল-১	নিউ কলেজ রোড, স্টেশন বাজার, জামালপুর	০৯৮১-৬৩২১২	cev.jamalpurdivision@yahoo.com
কাস্টমস,এক্সাইজ ও ভ্যাট,জামালপুর সার্কেল-২	নিউ কলেজ রোড, স্টেশন বাজার, জামালপুর		

শুল্ক স্টেশন/গুদামের নাম, ঠিকানা ও ফোন নম্বর

শুল্ক স্টেশনের নাম	ঠিকানা	ফোন নম্বর	
ধানুয়া কামালপুর এলসি স্টেশন	বকশীগঞ্জ, জামালপুর		kamalpurcustoms@gmail.com